১৫১

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 12 AUG 1997... ...
পৃষ্ঠা ১ কলাম ৫

# বিতাড়িত ছাত্র নেতা কর্মীদের আজ ৯টা হলে পুনর্বাসিত করা হইবে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ছাত্রলীগ ও ছাত্রদলের সমঝোতা চুক্তির অংশ হিসাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নয়টি ছাত্রাবাস হইতে বিতাড়িত ছাত্র নেতা-কর্মীদের আজ (মঙ্গলবার) স্ব-স্ব হলে স্থান দেওয়া হইবে। সকাল সাড়ে ৯টা হইতে পর্যায়ক্রমে দিনভর এই পুনর্বাসন প্রক্রিয়া চলাকালে বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ বন্ধ থাকিবে। ছাত্রলীগ ও ছাত্রদল গতকাল গভীর রাত পর্যন্ত তাহাদের হল বিতাড়িত ছাত্র নেতা-কর্মীদের নামের তালিকা প্রভোষ্টদের নিকট জমা না দেওয়ায় এই পুনর্বাসন প্রক্রিয়া সফল হইবে কি না উহা লইয়া প্রশ্ন দেখা দিয়াছে। এদিকে ছাত্রদল সভাপতি শহীদউদ্দিন চৌধুরী এ্যানি ও সাধারণ সম্পাদক হাবিব-উন-নবী সোহেল গতকাল এক বিবৃতিতে 'ষড়যন্ত্রের কবলে' নিপতিত এই সমঝোতা চুক্তি তাহারা মানিবে না বলিয়া জানাইয়াছে। উহার পরও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আজ নয়টি হল হইতে ছাত্রদের বাহির করিয়া পরে (২য় পৃঃ দ্রঃ)

## বিতাড়িত ছাত্র নেতা

(১ম পৃঃ পর)

পুলিশের সহযোগিতায় ছাত্র নেতাদের উপস্থিতিতে পরিচয়পত্র চেক করিয়া ছাত্রদের হলে প্রবেশ করাইবে। ছাত্রদল নেতারা বলিয়াছেন, ছাত্রদল নিয়ন্ত্রিত কবি জসীমউদ্‌দীন, বঙ্গবন্ধু ও জিয়া হল হইতে কর্তৃপক্ষ এই প্রক্রিয়া শুরুর মাধ্যমে হল তিনটি ছাত্রলীগের সন্ত্রাসীদের হাতে তুলিয়া দেওয়ার 'নীল নক্সা' আঁটিয়াছেন। ভিসি গতকাল রাতে ইত্তেফাককে বলেন, ছাত্রদল চাহিলে এফ, রহমান হল (ছাত্রলীগ নিয়ন্ত্রিত) হইতে এই প্রক্রিয়া শুরুর ব্যাপারে আমার আপত্তি নাই। কবি জসীমউদ্‌দীন হল হইতে প্রক্রিয়া শুরু হইবে ইহা আমার সিদ্ধান্ত নহে। প্রভোষ্ট স্ট্যান্ডিং কমিটির সিদ্ধান্ত।